"সত্যের সন্ধানে অবিচল"

# নোয়াখালী খবর এক্সপ্রেস

NOAKHALI KHABAR EXPRESS

Noakhali Khabar Express

অনলাইন দৈনিক ই-পেপার | বৃহস্পতিবার, ৫ নভেম্বর ২০২৬ | বর্ষ-১,সংখ্যা :-৩ | www.noakhalikhabarexpress.com




## সেনবাগে পিকআপের গোপন বাক্সে ৬২ হাজার ইয়াবা উদ্ধার, গ্রেপ্তার ১

নোয়াখালীর সেনবাগে পিকআপের বডির ভেতরে বিশেষ কৌশলে তৈরি গোপন বাক্স থেকে ৬২ হাজার পিস ইয়াবা উদ্ধার করেছে পুলিশ। এ ঘটনায় সৈয়দ নুর (৩৩) নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে। তবে পিকআপের চালক পালিয়ে গেছেন।

বুধবার দিবাগত রাত সোয়া ১টার দিকে ফেনী-নোয়াখালী আঞ্চলিক মহাসড়কের সেনবাগ রাস্তার মাথা এলাকায় এ অভিযান চালানো হয়।

পুলিশ জানায়, কক্সবাজারের টেকনাফ থেকে মাদকের একটি বড় চালান আসার গোপন সংবাদের ভিত্তিতে চেকপোস্ট বসানো হয়। এ সময় সন্দেহভাজন পিকআপটি থামিয়ে তল্লাশি চালালে বডির ভেতরে তৈরি গোপন বাক্সে লুকানো ইয়াবাগুলো পাওয়া যায়।

উদ্ধার করা ইয়াবার আনুমানিক বাজারমূল্য ১ কোটি ৮৬ লাখ টাকা। গ্রেপ্তার ব্যক্তি কক্সবাজারের টেকনাফ উপজেলার বাসিন্দা। এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা হয়েছে বলে পুলিশ জানিয়েছে।



## নোয়াখালী জেলা পুলিশের মাস্টার প্যারেড ও কিট প্যারেড অনুষ্ঠিত

নোয়াখালী জেলা পুলিশের মাস্টার প্যারেড ও কিট প্যারেড অনুষ্ঠিত

নোয়াখালী জেলা পুলিশের আয়োজনে মাস্টার প্যারেড ও কিট প্যারেড অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (৫ নভেম্বর) সকাল ৮টায় জেলা পুলিশ লাইন্সের প্যারেড গ্রাউন্ডে এ আয়োজন করা হয়।

প্যারেডে জেলা পুলিশের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও সদস্যরা অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে প্যারেড পরিদর্শন ও অভিবাদন গ্রহণ করেন নোয়াখালীর পুলিশ সুপার এন এম নাসিরুদ্দিন।

পুলিশ সদস্যদের শৃঙ্খলা, পেশাগত দক্ষতা ও দায়িত্ব পালনের প্রস্তুতি যাচাইয়ের অংশ হিসেবে এ ধরনের প্যারেড আয়োজন করা হয়।




## নোবিপ্রবি'র সমাবর্তনে প্রয়াথ শিক্ষার্থীদের দেওয়া হবে সম্মাননা

নোবিপ্রবির সমাবর্তনে প্রয়াত শিক্ষার্থীদের দেওয়া হবে মরণোত্তর সম্মাননা

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) তৃতীয় সমাবর্তনে প্রয়াত শিক্ষার্থীদের পরিবারকে বিশেষ মরণোত্তর সম্মাননা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

আগামী ২৪ জানুয়ারি অনুষ্ঠেয় সমাবর্তনে ২০১৪-১৫ থেকে ২০২০-২১ শিক্ষাবর্ষ পর্যন্ত যেসব শিক্ষার্থী মৃত্যুবরণ করেছেন, তাঁদের পরিবারকে এ সম্মাননা দেওয়া হবে।

বিশ্ববিদ্যালয় প্রশাসনের এ উদ্যোগকে প্রয়াত শিক্ষার্থীদের স্মরণ এবং তাঁদের পরিবারের প্রতি সম্মান জানানোর একটি বিশেষ উদ্যোগ হিসেবে দেখা হচ্ছে।



## সূবর্ণচর ৬ ফার্মেসীকে জরিমানা

সুবর্ণচরে ৬ ফার্মেসিকে এক লাখ টাকা জরিমানা

নোয়াখালীর সুবর্ণচর উপজেলায় বিভিন্ন অনিয়মের দায়ে ছয়টি ফার্মেসিকে মোট এক লাখ টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

বুধবার দুপুরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের গেটসংলগ্ন এলাকা ও স্থানীয় হারিছ চৌধুরী বাজারের কয়েকটি ফার্মেসিতে এ অভিযান পরিচালনা করা হয়।

অভিযানে ব্রাদার্স ফার্মেসি, নুর মেডিকেল, দেবনাথ ফার্মেসি, জনসেবা ফার্মেসি, সেবা ফার্মেসি ও ভাই ভাই ফার্মেসিকে জরিমানার আওতায় আনা হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আকিব ওসমান জানান, ওষুধ ও কসমেটিক আইন, ২০২৩ অনুযায়ী প্রতিষ্ঠানগুলোকে মোট এক লাখ টাকা জরিমানা করা হয়েছে।

ডিজিট করুন noakhalikhabarexpress.com | ফলো করুন Noakhali Khabar Express | সাবস্ক্রাইব করুন Noakhali Khabar Express



## ভূটানকে হারিয়ে বাংলাদেশের জয়

সাফ চ্যাম্পিয়নশিপের প্রথম ম্যাচে ভুটানকে ১-০ গোলে হারিয়ে শুভসূচনা করেছে বাংলাদেশ। বৃহস্পতিবার (৫ নভেম্বর) ঢাকার জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত ম্যাচে দ্বিতীয়ার্ধে বদলি খেলোয়াড় হিসেবে মাঠে নেমে জয়সূচক গোলটি করেন মোহাম্মদ ইব্রাহিম।

ম্যাচের ৬৯তম মিনিটে ইব্রাহিমের গোলে এগিয়ে যায় বাংলাদেশ। এরপর আর কোনো দল গোল করতে না পারায় ১-০ ব্যবধানের জয় নিয়ে মাঠ ছাড়ে স্বাগতিকরা।

এই জয়ের মধ্য দিয়ে সাফ চ্যাম্পিয়নশিপে পূর্ণ তিন পয়েন্ট নিয়ে যাত্রা শুরু করল বাংলাদেশ।



## আন্তর্জাতিক ফুটবলকে বিদায় জানালেন রোনালদো

**পর্তুগাল জাতীয় দলের হয়ে আন্তর্জাতিক ফুটবল থেকে অবসরের ঘোষণা দিয়েছেন বিশ্ব ফুটবলের অন্যতম সেরা তারকা ক্রিস্টিয়ানো রোনালদো। বৃহস্পতিবার (৫ নভেম্বর) নিজের সিদ্ধান্তের কথা জানান ৪১ বছর বয়সী এই ফুটবলার।**

**২০০৩ সালের আগস্টে পর্তুগাল জাতীয় দলে অভিষেকের পর দীর্ঘ ২৩ বছর দেশটির জার্সিতে খেলেছেন তিনি। জাতীয় দলের হয়ে অসংখ্য গোল ও গুরুত্বপূর্ণ সাফল্য অর্জন করেছেন এই তারকা।**

**ইউরো ২০১৬ এবং উয়েফা নেশনস লিগের দুটি শিরোপা জয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন রোনালদো। জাতীয় দল থেকে বিদায় নিলেও ক্লাব ফুটবল চালিয়ে যাবেন তিনি।**



## চুরির বিরোধের জেরে কৃষককে পিটিয়ে হত্যার অভিযোগ

**নোয়াখালীর কোম্পানীগঞ্জের এক কৃষককে চুরির বিরোধের জেরে পিটিয়ে হত্যার অভিযোগ উঠেছে। নিহত হুমায়ন কবির (৬০) উপজেলার মুছাপুর ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ডের বাসিন্দা।**

**প্রাপ্ত তথ্য অনুযায়ী, গত ২ নভেম্বর বিকেল সাড়ে ৪টার দিকে ফেনীর সোনাগাজী উপজেলার চরদরবেশ ইউনিয়নের চরচান্দিয়া এলাকায় তাঁর ওপর হামলার ঘটনা ঘটে।**

**পরে গুরুতর আহত অবস্থায় তাঁকে ঢাকার উত্তরার একটি বেসরকারি হাসপাতালে নেওয়া হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় বুধবার (৪ নভেম্বর) বিকেল ৩টার দিকে তাঁর মৃত্যু হয়।**

**চুরির বিরোধকে কেন্দ্র করে এ হামলার ঘটনা ঘটেছে বলে অভিযোগ উঠেছে। তবে ঘটনার প্রকৃত কারণ ও জড়িতদের বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বক্তব্য পাওয়া গেলে বিস্তারিত জানা যাবে।**




## প্রবাসীদের পূনর্বাসনে নোয়াখালীতে রেফারেল কর্মশালা অনুষ্ঠিত

**বিদেশফেরত অভিবাসীদের সামাজিক ও অর্থনৈতিক পুনর্বাসন এবং তাঁদের প্রয়োজনীয় সেবা নিশ্চিত করতে নোয়াখালীতে জেলা রেফারেল কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।**

**বৃহস্পতিবার (৫ নভেম্বর) নোয়াখালী বিআরডিবি প্রশিক্ষণ কেন্দ্রে ব্র্যাক মাইগ্রেশন প্রোগ্রামের উদ্যোগে এ কর্মশালার আয়োজন করা হয়।**

**কর্মশালায় বিদেশফেরত অভিবাসীদের পুনর্বাসন, কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, ভাষাশিক্ষা এবং বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের মাধ্যমে প্রয়োজনীয় সেবা পাওয়ার বিষয়গুলো গুরুত্ব পায়।**

**আলোচনায় বক্তারা বলেন, বিদেশফেরত অভিবাসীদের স্বাভাবিক জীবনে ফিরে আসা এবং সমাজ ও অর্থনীতিতে পুনরায় সম্পৃক্ত করতে সমন্বিত উদ্যোগ প্রয়োজন। এ ক্ষেত্রে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের মধ্যে কার্যকর যোগাযোগ ও সহযোগিতা বাড়ানো জরুরি।**

**কর্মশালায় সংশ্লিষ্ট সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধি এবং অভিবাসনসংশ্লিষ্ট ব্যক্তিরা অংশগ্রহণ করেন।**